জীবননগরে সন্ত্রাস ,জঙ্গীবাদ ও মাদক বিরোধী কার্যাক্রমের শীর্ষক আলোচনা

জীবননগর উপজেলা পর্যায়ে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী কার্যাক্রমে জনমত সৃষ্টি এবং বিজয়ের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগর ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি মোঃ নজরুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ইশা,ইসলামী ফাউন্ডেশনের কমকতা আব্দুল হাকিমসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা

গাংনীতে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১ টায় উপজেলা পরিষদের সভাকক্ষে এ আেলোাচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিতে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক। এসময় উপস্থিত ছিলেন সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক সহ

বিভিন্ন কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা ও ইউপি চেয়ারম্যান বৃন্দরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব টয়লেট দিবস উপলক্ষে ওয়েব ফাউন্ডেশনের র্যালী ও আলোচনা সভা

“অদৃশ্যকে দৃশ্যমান করো” এই প্রতিপাদ্যের মুজিবনগরে পালিত হয়েছে বিশ্ব টয়লেট দিবস। এই উপলক্ষে বুধবার সকাল ১১ টার দিকে উপজেলার বিশ্বনাথপুর গ্রামে আশার আলো সমিতির উদ্যোগে এবং water.org এর কারিগরি সহায়তায় এবং ওয়েব ফাউন্ডেশন

এক্সেস প্রকল্পের বাস্তবায়নে ও আয়োজনে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে আশার আলো মহিলা সমিতির সদস্যদের নিয়ে একটি র্যালি বের করা হয়। র্যালিটি কয়েকটি রাস্তা প্রদক্ষিন শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে সেখানে ওয়েব ফাউন্ডেশন এর ইউনিট ম্যানেজার (ভারপ্রাপ্ত) আশিক ইকবালের সভাপতিত্বে একটু আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মুজিবনগর উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম বলেন,
দৈনন্দিন জীবনে মানুষের মলমূত্রসহ বিভিন্ন ধরণের ময়লা আবর্জনার সুষ্ঠু ব্যবস্থাপনাই হলো স্যানিটেশন। বিশ্ব টয়লেট দিবস হল বিশ্বব্যাপী স্যানিটেশন সংকট মোকাবেলায় জাতিসংঘ কর্তৃক মনোনীত আন্তর্জাতিক ভাবে পালনের একটি দিন। এটি জাতিসংঘ, অনেক জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, সরকারি ও বেসরকারি সংস্থা এবং সেচ্ছাসেবকরা প্রতি বছর ১৯ নভেম্বর পালন করে থাকে। স্যানিটেশন সংকট মোকাবেলায় সচেতনতা বাড়ানো এবং পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্য এই দিবস পালন করা হয়ে থাকে।

অনিরাপদ স্যানিটেশন ব্যবস্থার কারণে মানব বর্জ্য নদী, খাল বিল পুকুরে এবং মাটিতে ছড়িয়ে পড়ছে এবং ভূগর্ভস্থ পানি সম্পদকে

দূষিত করছে। ভূগর্ভস্থের পানি কীভাবে দূষিত হচ্ছে, তা আমাদের কাছে দৃশ্যমান নয়, এমনকি সমস্যাটিও অদৃশ্য। মাটির নিচে পানির দূষণ হচ্ছে- তা অদৃশ্য থাকার কারণে আমাদের সকলের কাছে সমস্যাটি গুরুত্ব পায় না, এমনকি আমাদের বেশিরভাগ মানুষই তা উপেক্ষা করে থাকে। ফলে পানি দূষণের মাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। দূষিত পানি ব্যবহারের কারণে দরিদ্র ও প্রান্তিক মানুষকে সবচেয়ে বেশি অসুখ বিসুখে কষ্ট ভোগ করতে হয়। মাটির নিচে পানি দূষণের অদৃশ্য সমস্যাকে সকলের সামনে দৃশ্যমান করে প্রচার করার জন্যই বিশ্ব টয়লেট দিবস পালনের আয়োজন করা হয়।

৩৬০ কোটিরও বেশি মানুষ এই আধুনিক যুগেও নিম্নমানের টয়লেট ব্যবহার করে এসব টয়লেট স্বাস্থ্যকে নষ্ট করতে পারে এবং পরিবেশকেও দূষিত করতে পারে। সঠিক স্যানিটেশন ব্যবস্থার অভাবে মানুষের মলমূত্র মাটি, নদী, খাল পুকুরে ছড়িয়ে পড়ে আমাদের মাটির নিচের পানির সম্পদ দূষিত হচ্ছে। আমাদের পৃথিবী বর্তমানে স্যানিটেশন সংকটের সম্মুখীন এবং সংকটের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জরুরি প্রয়োজন রয়েছে। মানুষের মলমূত্রসহ ময়লা আবর্জনার নিরাপদ অব্যবস্থাপনা ভূগর্ভস্থ পানিকে দূষিত করছে। একটি স্বাস্থ্যসম্মত টয়লেট- মানুষের বর্জ্য দ্বারা পরিবেশ দূষিত হওয়া থেকে রক্ষা করতে পারে। এর জন্য প্রত্যেকের বাড়িতে একটি ভাল টয়লেট থাকা ও প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি চর্চা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। টয়লেটের মাধ্যমে কার্যকরভাবে মানব বর্জ্য অপসারণ করা যায়। ভূগর্ভস্থ পানিতে স্যানিটেশন সংকট কীভাবে খারাপ প্রভাব ফেলে তার উপর মনোযোগ আকর্ষণের জন্য বিশ্ব ট্যালেট দিবস ২০২২ পালিত হচ্ছে।

বিশেষ অতিথির বক্তব্যে ওয়েভ ফাউন্ডেশন এর এ্যাকসেস প্রকল্পের ফিল্ড মনিটর নাহিদ ফাতেমা তামান্না বলেন, ওয়েভ ফাউন্ডেশন স্যানিটেশন সমস্যা সমাধান করার জন্য দরিদ্র পরিবারসমূহের মধ্যে টয়লেট স্থাপনের জন্য ঋণ প্রদান ও প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করছে। গত ২ বছরে ৩০ হাজারেরও বেশি পরিবারকে একশো কোটি টাকার বেশি ক্ষুদ্রঋণসহ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে। আগস্ট ২০২৩ মাসের মধ্যে আরও ১৬ হাজার পরিবারকে টয়লেট স্থাপনের জন্য ঋণসহায়তা বিতরণ করা হবে। বিশ্ব টয়লেট দিবস ২০২২ এর এই দিনে আসুন, আমরা আমাদের প্রত্যেকের বাড়িতে একটি সুন্দর স্বাস্থসম্মত টয়লেট স্থাপন করে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি চর্চা করি। নারী-পুরুষ-শিশুদের স্বাস্থ্যসম্মত জীবন নিশ্চিত করি,

শিশুরা সুস্থ ও মেধাবী হয়ে গড়ে উঠুক।

এসময় উপস্থিত ছিলেন ওয়েব ফাউন্ডেশনের কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার বিপ্লব কুমার রায় সহ আশার আলো মহিলা সমিতির সদস্যবৃন্দ এবং এলাকার নারী পুরুষের স্কুলের শিক্ষার্থীরা।

দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বঙ্গবন্ধুর দর্শন,সমবায়ে উন্নয়ন প্রতিপাদ্য বিষয় কে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা করা হয়েছে।

শনিবার উপজেলা প্রসাশন ও সমবায় বিভাগের আয়োজনে র্যালি,আলোচনা সভা,সম্মনা স্বারক প্রদান করা হয়েছে।

দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ১০টার দিকে উপজেলা পরিষদ চত্বরে জাতীয় ও সমবায় পতাকা উত্তেলন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার। এরপর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্বর থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়ে উপজেলা চৌরাস্তার মোড় ঘুরে একই স্থানে এসে শেষ হয়।পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন,উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু। বিশেষ অতিথী ছিলেন,উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক হাজী শহিদুল ইসলাম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সহিদুল ইসলাম ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ। এছাড়াও বক্তব্য রাখেন দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান ও

উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক হযরত আলি,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, উপজেলা কৃষক সংগঠনের সভাপতি দামুড়হুদা সদর ইউপির সদস্য সামসুল ইসলাম।

সমবায়ী দের মধ্যে বক্তব্য রাখেন,আলি আজগার সোনা,উপজেলা চুল প্রসেসিং সমিতির সভাপতি হাসিবুজ্জামান সহিদসহ অন্যরা।আলোচনা সভা শেষে উপজেলা পর্যায়ে ৫টি ক্যাটাগরিতে ক্রেস্ট ৫টি সমবায় সমিতির সম্মাননা স্বারক প্রদান করা হয়। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভা

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়। শনিবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল হাদীর সভাপতিত্বে মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য ও জাতীয় পার্টি চুয়াডাঙ্গা জেলা কমিটির সভাপতি এডভোকেট সোহরাব হোসেন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি চুয়াডাঙ্গা জেলা কমিটির সিনিয়র সহ-সভাপতি মোঃ শাহাবুদ্দিন বিশ্বাস খোকন, জাতীয় পার্টি চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি মোঃ জাহিদ হোসেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব সুমন পারভেজ, মেহেরপুর পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি (ভারপ্রাপ্ত) খিলাফত আলী, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, জাতীয় যুব সংহতি মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ মাহমুদুল হাসান সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৫১ তম জাতীয় সমবায় দিবস উপলক্ষে আলোচনা সভা

জেলা প্রশাসন ও সমবায় বিভাগ মেহেরপুর কর্তৃক আয়োজিত ৫১ তম জাতীয় সমবায় দিবস ২০২২ বঙ্গবন্ধু দর্শন সমবায়ে উন্নয়ন শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়।

শনিবার সকালে মেহেরপুর উপজেলা হল রুমে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসক ড. মোঃ মুনসুর আলম খানের সভাপতিত্বে এবং জেলা সমবায় কার্যালয়ের সহকারী প্রশিক্ষক মোঃ রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়াল ভাবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ জামিরুল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ লিংকন বিশ্বাস, জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ওবায়দুল্লাহ উপস্থিত ছিলেন।

এ সময় সমবায়ীদের মধ্য থেকে বক্তব্য রাখেন হাসনাবাদ মৎস্যজীবী সমবায় সমিতির সদস্য মোঃ শরিফুল ইসলাম, জ্যোতি মহিলা সমবায় সমিতির সম্পাদক উম্মেহানি চায়না খাতুন।

জেলা সমবায় কর্মকর্তা মেহেরপুর কর্তৃক বিশেষ সম্মানীয় পুরস্কার প্রদান ২০২২ (সমবায় সমিতি ক্যাটাগরি) পুরস্কার প্রদান করেন চাদবিল মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড এর সভাপতি জনাব জয়দেব হালদার, হরিরামপুর বিলপাড়া মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি মোঃ ফিরাদুল ইসলাম, হাসনাবাদ মৎস্যজীবী সমবয় সমিতি লিমিটেডের সভাপতি মোঃ লুৎফর আলী, তেরঘরিয়া বিলপাড়া মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি মোঃ মোখলেছুর রহমান, স্বর্ণপদক প্রাপ্ত সমবায়ী শ্রী খুদিরাম হালদারকে পুরস্কার প্রদান করা হয়।

কুষ্টিয়ায় জাতীয় সংবিধান দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

জাতীয় সংবিধান দিবস উপলক্ষে কুষ্টিয়ায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে আলাচনা সভায় বক্তব্য রাখেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক আরিফুজ্জামান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সিরাজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আবু রাসেল, বিজ্ঞ জিপি এ্যাড. আসম আক্তারুজ্জামান মাসুম, মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার হাজী রফিকুল আলম টুকু, কুষ্টিয়া পাবলিক লাইব্রেরির সদস্য সচিব বিশিষ্ট লেখক ও গবেষক দৈনিক কুষ্টিয়ার সম্পাদক ড. আমানুর আমান, কুষ্টিয়া প্রেসক্লাবের (কেপিসি) সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব প্রমুখ।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম তার বক্তব্যে বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। এটি একটি লিখিত দলিল। সংবিধান দেশের সর্বোচ্চ আইন, দেশ পরিচালনার ক্ষেত্রে সর্বদা সংবিধানকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। সংবিধানের মর্যাদা সমুন্নত রাখতে সকলকে সচেষ্ট থাকতে হবে এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে কাজ করে যেতে হবে।

সভায় বক্তারা বলেন, পৃথিবীতে যত সংবিধান হয়েছে তার মধ্যে বাংলাদেশের সংবিধান অন্যতম। আর এই সংবিধানকে সমুন্নত রাখার দায়িত্ব সকলের।

বক্তারা আরও বলেন, ৪ নভেম্বর বাঙালি জাতির এক ঐতিহাসিক দিন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে দীর্ঘ ২৩ বছরের রাজনৈতিক সংগ্রাম ও ৯ মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর চূড়ান্ত বিজয়ের

মাত্র ১১ মাসের মধ্যে এদিনে গৃহীত হয়েছিল বাঙালি জাতির অধিকারের দলিল, বহুল আকাঙ্ক্ষিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

সরকারের কর্মচারীরাই সংবিধানের ধারক ও বাহক হিসেবে উল্লেখ করে সকলকে নিষ্টার সাথে দায়িত্ব পালনের আহবান জানান বক্তারা।

অনুষ্ঠানে অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট নাসরিন আক্তার বানু, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার, জেলা সমাজসেবা অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মুরাদ হোসেন, জেলা মহিলা বিষয়ক অফিসার নূরে সফুরা ফেরদৌস, কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সাধন কুমার বিশ্বাস, সহকারী কমিশনার ভূমি দবির উদ্দিন, কুষ্টিয়া প্রেসক্লাবের দপ্তর সম্পাদক এম লিটনউজ্জামান, সাপ্তাহিক প্রভাষণ পত্রিকার সম্পাদক আক্তারুজ্জামান মৃধা পলাশ, দৈনিক দেশের বানী পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক এসএম জামালসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, ১৯৭২ সালের ৪ নভেম্বর গণপরিষদে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ‘সংবিধান বিল’ হিসেবে সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। সংবিধান প্রণয়নের সুবর্ণজয়ন্তীতে ৪ নভেম্বরকে ‘জাতীয় সংবিধান দিবস’ হিসেবে ঘোষণা করেছে সরকার। এবার থেকে প্রতি বছর ৪ নভেম্বর ‘জাতীয় সংবিধান দিবস’ হিসেবে পালিত হবে।

মেহেরপুর জাসদের ৫০ বছর পূর্তি উপলক্ষে আলোচনা সভা

জাতীয় সমাজতান্ত্রিক দল-জাসদ এর প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি উপলক্ষে মেহেরপুর জেলা শাখার উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়।

সোমবার বিকেলে মেহেরপুর জেলা প্রেসক্লাবে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা জাসদের সভাপতি ওমর আলীর সভাপতিত্বে এবং মেহেরপুর জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলার সংগঠনিক সম্পাদক আব্দুল মতিন, জাসদ নেতা মিয়াজান আলী, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অবঃ) এম এ মালেক, বীর মুক্তিযোদ্ধা মোঃ জিল্লুর রহমান, সংস্কৃতিজন শামীম জাহাঙ্গীর, ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ) জেলার সাধারণ সম্পাদক মীর্জা গালিব উজ্জল, শিক্ষক সাজেদুর রহমান সাজু, সাহিত্যজন আনোয়ারুল আয়ুব, এবং কবি ছড়াকার ও শিক্ষক ইয়ামিন হাসান রুদ্র সহ বিভিন্ন নেতাকর্মী ও বিভিন্ন শ্রেনীপেশার মানুষ উপস্থিত ছিলেন ।

মুজিবনগরে জাতীয় স্যানিটেশন মাস ও হাত ধোয়া দিবস উপলক্ষে আলোচনা সভা

” বর্জ্যের পরিশোধন, নিশ্চিত হবে স্যানিটেশন” “হাতের পরিচ্ছন্নতায় এসো সবে এক সাথে” এই এই প্রতিপাদ্যকে সামনে রেখে।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে ওয়েভ ফাউন্ডেশন এর উদ্যোগে মুজিবনগর উপজেলার পুরন্দপুর গ্রামে সৌরভ-১ মহিলা সমিতির আয়োজনে, জাতীয় স্যানিটেশন মাস এবং হাত ধোয়া দিবস ২০২২ পালন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা উনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে ওয়েভ ফাউন্ডেশন এর ইউনিটি ম্যানেজার আলাউদ্দিন এর সভাপতিত্বে ও সঞ্চালনায়, মুজিবনগর উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী জাহাঙ্গীর আলম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে, বর্জ্য ব্যবস্থাপনা ও হাত ধোয়ার গুরুত্ব তুলে ধরে আলোচনা করেন । তিনি বলেন, উপযুক্ত ব্যবস্থা করতে পারলে অন্যান্য সম্পদের মত বর্জ্য সম্পদে রূপান্তর করা সম্ভব । বিশ্বের বিভিন্ন দেশে বর্জ্য সমস্যা নয়, বরং বর্জ্যকে সম্পদ হিসেবে বিভিন্ন কাজে লাগাচ্ছে। তিনি আরও বলেন, বেশীরভাগ অসুখ থেকে সুরক্ষা পেতে প্রযোজ্য সময়ে যথাযথভাবে দুই হাত ধোয়া অপরিহার্য।

আলোচনাশেষে উপস্থিত নারী অংশগ্রহণকারীরা নিজেদের ঘরবাড়ির পরিষ্কার পরিচ্ছন্নতায় আরো গুরুত্ব দেবেন। পাশাপাশি বর্জ্যগুলোকে লাভজনক সম্পদে পরিণত করবেন বলে জানিয়েছেন ।

অনুষ্ঠানশেষে পুরন্দরপুর গ্রামের সাধারণ নারী, পুরুষ ও শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি শোভাযাত্রা কর হয় । শোভাযাত্রায় ” বর্জ্যের পরিশোধন, নিশ্চিত হবে স্যানিটেশন” এবং “হাতের পরিচ্ছন্নতায় এসো সবে এক হই” শ্লোগান প্রদান করে।

অনুষ্ঠানে ওয়েভ ফাউন্ডেশন এর এ্যাকসেস প্রকল্পের ফিল্ড মনিটরিং অফিসার নাহিদ ফাতেমা তামান্নার সহায়তায় যথাযথভাবে হাতধোয়া প্রদর্শন করা হয় ।

উক্ত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, ওয়েভ ফাউন্ডেশন এর এ্যাকসেস প্রকল্পের ফিল্ড মনিটর নাহিদ ফাতেমা, সিডিও বিপ্লব সহ সৌরভ-১ মহিলা সমিতির সদস্যাবৃন্দ এবং এলাকার নারী পুরুষ ও স্কুলের শিক্ষার্থীবৃন্দ।

দর্শনায় কমিউনিটি পুলিশিং ডে উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

কমিউনিটি পুলিশিং এর মৃলমন্ত্র,শান্তি শৃঙ্খলা সর্বত্র এ স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গার দর্শনা থানার উদ্দ্যেগে পুলিশিং ডে ও বর্ণাঢ্য র্যালি আলোচনা সভা পালিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০ টায় দর্শনা থানা চত্বরে কমিউনিটি পুলিশিং সমন্বয় কমিটির উদ্দ্যেগে র্যালি ও আলোচনা সভা পালিত হয়।

দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের সভাপতিত্বে প্রাধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্যে রাখেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক

আলী মুনছুর বাবু।

তিনি বক্তব্যে বলেন, আমার উপজেলার ভিতরে ২টা থানা প্রত্যক মাসিক মিটিংয়ে আইনশৃঙ্খলা নিয়ে মিটিং হয়। এ মিটিংয়ে আমি বার,বার বলি মাদক আমাদের সমাজের একটি মরন ব্যাধি। মাদক না কমাতে পারলে আগামী প্রজন্ম ধংস হয়ে যাবে।তাই আসুন আমরা সম্বলিত ভাবে মাদক নিমৃল করি। মাদক যারা সেবন করে তারা তার পরিবার ধংস হচ্ছে নষ্ট হচ্ছে সমাজ,নষ্ট হচ্ছে যুব সমাজ। তাই চলো যাই যুদ্ধে মাদকের বিরুদ্বে।

এ সময় তিনি আরও বলেন বর্তমান সরকার বাল্য বিবাহ ও ইফটিজিংয়ের বিরুদ্ধে সোচ্ছার, এ সরকার গরীব দুঃখী মা বোনদের জন্য মাতৃগর্ভ ভাতা দিচ্ছে যাতে করে গরীব-অসহায় মানুষ একটু ভালোমন্দ খেয়ে পুষ্ট বাচ্ছা জন্ম দিতে পারে। পরিশেষে তিনি বলেন এ সরকারের উন্নয়ন দেখে জামাত বিএনপি আবারো ষড়যন্ত্রে লিপ্ত হচ্ছে। এদের দাঁত ভাঙ্গা জবাব দিতে হবে।

দর্শনা থানার সেকেন্ড অফিসার এস,আই আহম্মদ আলী বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্টানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন জোয়াদ্দার, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দীন, দামুড়হুদা সার্কেল ইন্সপেক্টর মারুফ হোসেন, দর্শনা থানার ইন্সপেক্টর (তদন্ত) এস,এম আমান উল্লাহ আমান, ইন্সপেক্টর (অপারেশন) নিখিল চন্দ্র অধিকারী, ১নং ওয়ার্ডের পুলিশিং কমিটির সভাপতি জয়নাল আবেদিন নফে, ৪নং ওয়ার্ডের ভারপ্রাপ্ত সভাপতি শেখ আসলাম আলী তোতা, ২নং ওয়ার্ডের সাধারন সম্পাদক আব্দুল হাকিম, ৬নং ওয়ার্ডের সদস্য সচিব সোলায়মান কবীর, ৯ নং ওয়ার্ডের সভাপতি সরোয়ার হোসেন, চুয়াডাঙ্গা সদর বেগমপুর ইউপি সদস্য কাসেম আলী, প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিয় মন্ডল, যুবলীগ নেতা মামুন শাহ, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, আশরাফুল আলম, অপু সরকার, প্রমুখ।